# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা ।

www.dhakaeducationboard.gov.bd

স্মারক নং-৫০৪

তারিখ: ০৫/০৩/২০১৯

**বিষয়: কলেজ/স্কুল এন্ড কলেজ/উচ্চমাধ্যমিক বিদ্যালয় এর অধ্যক্ষ নিয়োগ প্রসঙ্গে।**

এতদ্বারা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা-এর আওতাধীন সকল কলেজ/স্কুল এন্ড কলেজ/উচ্চমাধ্যমিক বিদ্যালয় কর্তৃপক্ষকে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ২৫/০২/২০১৯ তারিখের ৩৭.০০.০০০০.০৭৪.০৩০.০০১.২০১৭.৫৯ নং স্মারক এ জারীকৃত পরিপত্রে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এম.পি.ও. নীতিমালা-২০১৮ এর পরিশিষ্ট-ঘ এর ক) বিদ্যালয়ের ক্রমিক নং-(১) এবং পরিশিষ্ট-ঘ এর খ) কলেজের ক্রমিক নং-(১), (২) ও (৩) উপধারায় নিয়োগের জন্য যে শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা বর্ণিত রয়েছে তা পরিমার্জিতরূপে প্রতিস্থাপন করা হয়েছে (কপি সংযুক্ত)।

২। শিক্ষা মন্ত্রণালয়ের উপরোক্ত পরিপত্রের আদেশ অবিলম্বে কার্যকর হবে এবং শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যক্ষ/উপাধ্যক্ষ পদে নিয়োগ স্থগিত সংক্রান্ত ২৮/০৮/২০১৮ তারিখের ৩৭.০০.০০০০.০৭৪.০৩০.০০১.২০১৭.৩৫৯ নং স্মারকে জারীকৃত আদেশটি অকার্যকর হবে।

৩। যে সকল কলেজ/স্কুল এন্ড কলেজ/উচ্চমাধ্যমিক বিদ্যালয় ভারপ্রাপ্ত অধ্যক্ষ দ্বারা পরিচালিত হচ্ছে আগামী ০৩ (তিন) মাসের মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে বিধিমোতাবেক নিয়মিত অধ্যক্ষ নিয়োগ দেয়ার জন্য নির্দেশ দেয়া হলো।

চেয়ারম্যানের আদেশক্রমে

০৫.০৩.১৯

**প্রফেসর ড.মো: হারুন-অর-রশিদ**
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,
ঢাকা।

সভাপতি
গভর্ণিংবডি/ম্যানেজিং কমিটি
অত্র বোর্ডের আওতাধীন সকল উচ্চমাধ্যমিক বিদ্যালয়/কলেজ/স্কুল এন্ড কলেজ।

সংযুক্তি: শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ২৫/০২/২০১৯ তারিখের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭৪.০৩০.০০১.২০১৭.৫৯।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

নথি নং৩৭.০০.০০০০.০৭৪.০৩০.০০১.২০১৭.৫৯

তারিখঃ ১৩ ফাল্গুন ১৪২৫ বঙ্গাব্দ
২৫ ফেব্রুয়ারি ২০১৯ খ্রিস্টাব্দ

# পরিপত্র

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এম.পি.ও. নীতিমালা-২০১৮ এর পরিশিষ্ট-ঘ এর ক) বিদ্যালয়ের ক্রমিক নং-(১) এবং পরিশিষ্ট-ঘ এর খ) কলেজের ক্রমিক নং-(১), (২) ও (৩) উপধারায় নিয়োগের জন্য যে শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা বর্ণিত রয়েছে তা নিম্নোক্তভাবে প্রতিস্থাপন করা হলো:

ক) বিদ্যালয়

| ক্র: নং | পদের নাম | নিয়োগের জন্য শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা | বেতন স্কেল ও গ্রেড |
|---|---|---|---|---|
| ১. | অধ্যক্ষ (উচ্চ মাধ্যমিক বিদ্যালয়) | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রি<br>অথবা<br>স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক (পাস) সহ স্নাতকোত্তর ডিগ্রি। এ ক্ষেত্রে স্নাতক (পাস) অথবা স্নাতকোত্তর ডিগ্রির যে কোন একটিতে প্রথম শ্রেণি/বিভাগ থাকতে হবে। শিক্ষা জীবনের কোন স্তরে তৃতীয় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয়। | উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের অধ্যক্ষ/উচ্চ মাধ্যমিক কলেজের অধ্যক্ষ/ডিগ্রি কলেজের উপাধ্যক্ষ পদে এম.পি.ও. ভুক্ত হিসেবে কর্মরত।<br>অথবা<br>এম.পি.ও. ভুক্ত হিসেবে সহকারী অধ্যাপক পদে ন্যূনতম ০৩ বছরের অভিজ্ঞতাসহ মোট ১২ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। | গ্রেড-৫<br>স্কেল- ৪৩০০০-৬৯৮৫০/- |

খ) কলেজ

| | | | | |
|---|---|---|---|---|
| ১. | অধ্যক্ষ স্নাতক (পাস) মহাবিদ্যালয় | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রি<br>অথবা<br>স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক (পাস) সহ স্নাতকোত্তর ডিগ্রি। এ ক্ষেত্রে স্নাতক (পাস) অথবা স্নাতকোত্তর ডিগ্রির যে কোন একটিতে প্রথম শ্রেণি/বিভাগ থাকতে হবে ।<br>শিক্ষা জীবনের কোন স্তরে তৃতীয় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয় । | ডিগ্রি কলেজের অধ্যক্ষ<br>অথবা<br>এম.পি.ও. ভুক্ত হিসেবে ডিগ্রি কলেজের উপাধ্যক্ষ/উচ্চ মাধ্যমিক কলেজ/উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের অধ্যক্ষ পদে ০৩ বছরের অভিজ্ঞতাসহ মোট ১৫ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। | গ্রেড-৪<br>স্কেল- ৫০০০০-৭১২০০/- |
| ২. | অধ্যক্ষ (উচ্চ মাধ্যমিক কলেজ) | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রি<br>অথবা<br>স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক (পাস) সহ স্নাতকোত্তর ডিগ্রি। এ ক্ষেত্রে স্নাতক | উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের অধ্যক্ষ/উচ্চ মাধ্যমিক কলেজের অধ্যক্ষ/ডিগ্রি কলেজের উপাধ্যক্ষ পদে এম.পি.ও. ভুক্ত হিসেবে কর্মরত। | গ্রেড-৫<br>স্কেল- ৪৩০০০-৬৯৮৫০/- |

| | | | | |
|---|---|---|---|---|
| | | (পাস) অথবা স্নাতকোত্তর ডিগ্রির যে কোন একটিতে প্রথম শ্রেণি/বিভাগ থাকতে হবে।<br>শিক্ষা জীবনের কোন স্তরে তৃতীয় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয়। | অথবা<br>এম.পি.ও. ভুক্ত হিসেবে সহকারী অধ্যাপক পদে ন্যূনতম ০৩ বছরের অভিজ্ঞতাসহ মোট ১২ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। | |
| ৩. | উপাধ্যক্ষ স্নাতক (পাস) মহাবিদ্যালয় | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রি<br>অথবা<br>স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক (পাস) সহ স্নাতকোত্তর ডিগ্রি। এ ক্ষেত্রে স্নাতক (পাস) অথবা স্নাতকোত্তর ডিগ্রির যে কোন একটিতে প্রথম শ্রেণি/বিভাগ থাকতে হবে।<br>শিক্ষা জীবনের কোন স্তরে তৃতীয় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয়। | উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের অধ্যক্ষ/উচ্চ মাধ্যমিক কলেজের অধ্যক্ষ/ডিগ্রি কলেজের উপাধ্যক্ষ পদে এম.পি.ও. ভুক্ত হিসেবে কর্মরত।<br>অথবা<br>এম.পি.ও. ভুক্ত হিসেবে সহকারী অধ্যাপক পদে ন্যূনতম ০৩ বছরের অভিজ্ঞতাসহ মোট ১২ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। | গ্রেড-৫<br>স্কেল- ৪৩০০০-৬৯৮৫০/- |

২.০ এ আদেশ অবিলম্বে কার্যকর হবে এবং শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যক্ষ/উপাধ্যক্ষ পদে নিয়োগ স্থগিত সংক্রান্ত এ বিভাগ হতে ২৮.০৮.২০১৮ তারিখের ৩৭.০০.০০০০.০৭৪.০৩০.০০১.২০১৭.৩৫৯ নং স্মারকে জারীকৃত আদেশটি অকার্যকর হবে।

২৫/২/২০১৯

(মোঃ কামরুল হাসান)
উপসচিব
ফোন: ৯৫৪০৫১৭

সদয় অবগতি/ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়,ঢাকা।
২. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. ভাইস চ্যান্সেলর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
৫. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৬. চেয়ারম্যান, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এন.টি.আর.সি.এ) বোরাক টাওয়ার, রমনা, ঢাকা।
৭. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর/মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৮. মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস ভবন), পলাশী-নীলক্ষেত, ঢাকা।
৯. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. রেজিষ্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
১২. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, পরিবহনপুল ভবন, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১৪. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,.........................(সকল বোর্ড)।
১৫. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
১৬. চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
১৭. পরিচালক/উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা ...............(সকল) অঞ্চল।
১৮. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১৯. অফিস কপি।